# পরিচ্ছেদ–৩ ‖ সমুচ্চারিত ও প্রায়-সমুচ্চারিত ভিন্নার্থক শব্দ

## সমুচ্চারিত ভিন্নার্থক শব্দের নমুনা

### অ

অনু – পেছনে
অণু – পদার্থের ক্ষুদ্রতম কণা

অন্যপুষ্ট – কোকিল
অন্নপুষ্ট – অন্ন দ্বারা প্রতিপালিত

অবগত – অবহিত, জ্ঞাত
অপগত – পলায়িত, বিগত

অপচয় – অপ্রয়োজনীয় ব্যয়
অবচয় – পুষ্পচয়ন, মূল্যহ্রাস

অমিত – প্রচুর
অমৃত – সুধা

অলক – কোঁকড়ানো চুল
অলখ – চোখের অগোচর

অশন – ভোজন
অসন – নিক্ষেপ

অশীত – শীত নয়, উষ্ণ
অসিত – কৃষ্ণবর্ণ

অন্ন – ভাত
অন্য – অপর

অনুদিত – যা উদিত হয়নি
অনূদিত – ভাষান্তরিত

অবিরাম – অবিশ্রান্ত
অভিরাম – সুন্দর, রমণীয়

অস্তি – সত্তা, অস্তিত্ব
অস্থি – হাড়

অনিষ্ট – ক্ষতি
অনিষ্ঠ – নিষ্ঠাহীন

অসার – সারহীন
অসাড় – অনুভূতিহীন

অদৃষ্ট – ভাগ্য
অধৃষ্ট – ভদ্র, বিনীত

অসুর – দৈত্য
অশূর – যে বীর নয়

অবদান – মহৎ কাজ
অবধান – মনোযোগ

অংশ – ভাগ
অংস – কাঁধ

অশ্ব – ঘোড়া
অশ্ম – পাথর

অবিহিত – অবৈধ
অভিহিত – কথিত

অনিল – বায়ু
অনীল – যা নীল নয়

অর্ঘ্য – পূজার উপকরণ
অর্ঘ – মূল্য

অপসৃত – দূরীকৃত
অবসৃত – অবসরপ্রাপ্ত

অশীলতা – অভদ্র
অসিলতা – তরবারি

অবিনীত – উদ্ধত
অভিনীত – যা অভিনয় করা হয়েছে

অন্যোন্য – পরস্পর
অন্যান্য – অপরাপর

অসক্ত – আসক্তিহীন
অশক্ত – অক্ষম

অন্ত – মৃত্যু
অন্ত্য – শেষ
অন্তঃ – মধ্যে

অবিমিশ্র – বিশুদ্ধ
অবিমৃশ্য – অবিবেচক

অনুভব – উপলব্ধি
অনুভাব – মনোভাবের প্রকাশ

অনুপ – উপমাহীন
অনূপ – জলা, বিল

অলিক – কপাল
অলীক – অবাস্তব, মিথ্যা

অভি – সম্মুখ, সমীপ
অভী – ভয়হীন

SINCE - 1993 NABARUN PUBLICATION

অবধ্য – বধের অযোগ্য
অবদ্য – অকথ্য, নিন্দনীয়
অবন্ধ – বন্ধ নয় এমন, মুক্ত

অজগর – বড়ো সাপ
অজাগর – নিদ্রা

অভ্যাস – চর্চা, শিক্ষা
অভ্যাশ – আবৃত্তি, নিকট

অযোগ্য – অনপযুক্ত
অযুগ্ম – পৃথক, বিজোড়

অখ্যাত – খ্যাতিহীন
আখ্যাত – খ্যাত, কথিত

অঘ্রাণ – ঘ্রাণহীন
অঘ্রান – অগ্রহায়ণ মাস
আঘ্রাণ – সুগন্ধ গ্রহণ

অপেক্ষা – প্রতীক্ষা
উপেক্ষা – অনাদর

অবিধেয় – অন্যায়
অভিধেয় – প্রতিপাদ্য অর্থ

অভিভাষণ – বক্তৃতা
অভিবাসন – বিদেশে বসবাস

অবতরণ – নিচে নামা
অবতারণ – প্রসঙ্গ উত্থাপন

অদিন – অশুভ দিন, অসময়
অদীন – ধনী, দুঃখহীন

অভিজ্ঞ – বহুদর্শী
অবিজ্ঞ – বিজ্ঞ নয় এমন, মূর্খ

অভিধান – শব্দকোষ
অবিধান – অনিয়ম

অভিলাষী – ইচ্ছুক
অবিলাসী – যে বাবুগিরি করে না

অন্তঃসত্তা – অভ্যন্তরে কোনো বস্তুর অবস্থিতি
অন্তঃসত্ত্বা – গর্ভবতী

অযোদ্ধা – যোদ্ধা নয়
অযোধ্যা – উত্তর ভারতের নগরবিশেষ

অর্ধাশন – আধপেটা খাওয়া
অর্ধাসন – আসনের অর্ধভাগ

অকৃত – অসম্পাদিত, নিরর্থক
অক্রীত – কেনা হয়নি যা

অকৃত্ত – অখণ্ডিত
অকৃত্য – যা করা উচিত নয়, নিন্দনীয়

অধীতি – অধ্যয়ন
অধীতি – পাঠক, ছাত্র, অধ্যয়নকারী

অনর্থ – অনিষ্ট, বিপত্তি
অন্বর্থ – যথার্থ, অর্থের সঙ্গে সংগতিপূর্ণ

অনর্ঘ – অতি মূল্যবান, অমূল্য
অনর্ঘ্য – পূজার্হ নয় এমন

অনাহুত – অপ্রদত্ত হোম
অনাহূত – অনিমন্ত্রিত

অবেক্ষমাণ – যে দেখছে
অবেক্ষ্যমাণ – যাকে দেখা যাচ্ছে

অন্তস্থ – সীমা বা প্রান্তে অবস্থিত
অন্তঃস্থ – মধ্যবর্তী, অভ্যন্তরস্থ

অনুচরী – সঙ্গিনী
অনুচারী – অনুগামী, অনুসারী

অলক – কোঁকড়ানো চুল
অলোক – অসাধাণ, নির্জন

অনুস্মৃতি – স্মৃতিচারণ
অনুসৃতি – অনুসরণ

অবিকৃত – বিকৃতিহীন, খাঁটি
অবিক্রীত – বিক্রি হয়নি এমন

অনুসরণ – অনুগমন, অনুকরণ
অনুস্মরণ – বারবার স্মরণ

অমর্ত – অমৃত, জল
অমর্ত্য – স্বর্গীয়, অমর

অকৃতি – কৃতির অভাব, অসাফল্য
অকৃতী – অক্ষম, অযোগ্য, অপটু

অগ্র – প্রধান, অগ্রবর্তী, সম্মুখ
অগ্র্য – পূর্ববর্তী, শ্রেষ্ঠ

অণুবাদ – অণুবিষয়ক মতবাদ
অনুবাদ – ভাষান্তরণ, তরজমা

অতর্ক – অযথা তর্ক, কুতর্ক
অতর্ক্য – তর্কের দ্বারা মীমাংসা সম্ভব নয় এমন

অন্যথা – নতুবা, না হলে
অন্যদা – অন্য সময়ে, একদা

অন্যভৃত – কোকিল
অন্যভৃৎ – কাক

SINCE - 1993
NABARUN PUBLICATION

অপক্ব – কাঁচা, অসোধ, অপরিণত
আপক্ব – আধপাকা, ডাঁসা, অর্ধসেদ্ধ

অস্থান – অনপযুক্ত স্থান
আস্থান – অবস্থিতি, আশ্রয়, স্থান

অভিব্যক্তি – প্রকাশ, ক্রমবিকাশ
অভিব্যাপ্তি – ব্যাপ্তি, সম্যক বিস্তৃতি

অবিচার – অন্যায় বিচার, অবিবেচনা
অভিচার – পরহিংসা

অস্থায়ী – ক্ষণস্থায়ী, সাময়িক
অস্থায়ী – সংগীতের প্রথম স্তবক বা পদ

## আ

আকর – খনি
আখর – অক্ষর

আদা – মসলাবিশেষ
আধা – অর্ধেক

আকাট – নিরেট
আকাঠ – বাজে কাঠ

আদি – মূল, প্রারম্ভ
আঁধি – ধূলিঝড়
আধি – দুশ্চিন্তা, মনঃপীড়া

আস্তিক – ঈশ্বরে বিশ্বাসী
আস্তিক – মুনিবিশেষ

আষাড় – মাসবিশেষ
আসার – জলকণা

আশা – ভরসা
আসা – আগমন

আর – এবং, ও, কিংবা
আড় – বাঁকা

আহুতি – হোম
আহূতি – আহ্বান

আত্ম – নিজ
আত্ত – গৃহীত

আপন – নিজ
আপণ – দোকান

আশি – ৮০ সংখ্যা
আশী – সাপের বিষদাঁত
আসি – আগমন করি

আঁধার – অন্ধকার
আধার – পাত্র
আদাড় – আস্তাকুঁড়

আবৃত্তি – সরব পাঠ
আবৃতি – আবরণ, আচ্ছাদন

আমরা – আমি শব্দের বহুবচন
আমড়া – অম্লজাতীয় ফল

আড়ে – আড়ালে
আরে – বিস্ময়, ভয়সূচক শব্দ

আবাস – বাসস্থান
আভাস – ইঙ্গিত
আভাষ – আলাপ, ভূমিকা

আবরণ – আচ্ছাদন
আভরণ – অলংকার

আপ্ত – সত্য, অভ্রান্ত
আর্ত – পীড়িত

আসক্তি – অনুরাগ
আসত্তি – নৈকট্য

আঁটা – কুলানো, লাগানো
আটা – গমের গুড়ো

আঁচড় – নখের আঘাত, দাগ
আঁচর – আঁচল, শাড়ির প্রান্তভাগ

আঁশ – তন্তু, মাছের শল্ক
আশ – আশা, আকাঙ্ক্ষা

আধনান – শব্দ, স্ফীতি
আধ্যান – স্মরণ, চিন্তন, উৎকণ্ঠা

আবাল্য – বাল্যকাল থেকে
আবল্য – দুর্বলতা, জড়তা

আরোহণী – সিঁড়ি, মই
আরোহিণী – আরোহণকারিনী

আঁজি – রেখা, ইটের গাঁথুনির সন্ধিস্থলে
আজি – প্রলেপ এইদিনে, আজকের দিন

আঁতুড় – সন্তানপ্রসবের গৃহ
আতুর – রুগ্ন, কাতর

আস্তাকুঁড় – আবর্জনা ফেলার স্থান
সারকুঁড় – যেখানে গোবর পচিয়ে সার তৈরি করা হয়

SINCE 1993 NABARUN PUBLICATION

আদৃত – সাদরে গৃহীত, সমাদৃত
আধৃত – গৃহীত, রক্ষিত

আবির – অভ্রের গুঁড়ো মেশানো রং
আভীর – গোয়ালা জাতিবিশেষ, আহির

আহরিত – সংগৃহীত, সংকলিত
আহরিৎ – ঈষৎ সবুজ, ঈষৎ হরিদ্বর্ণ

## ই, ঈ

ইহা – এই
ঈহা – ইচ্ছা

ইশা – পতা
ঈশা – পথিবী

ইতি – শেষ
ঈতি – শস্যোৎপাদনে ছয় প্রকার বিঘ্ন

ঈশ – ঈশ্বর, আল্লাহ
ঈষ – লাঙলের ফলা
ইস – বিস্ময়, অবিশ্বাস, ক্লেশ, দুঃখ প্রভৃতিজ্ঞাপক শব্দ

## উ, ঊ

উদাম – আঢাকা, নগ্ন
উদ্দাম – অসংযত

উপযুক্ত – যোগ্য
উপর্যুক্ত – উল্লিখিত, পূর্বে কথিত

উপাদান – উপকরণ
উপাধান – বালিশ

উদ্যত – প্রবৃত্ত
উদ্ধত – অবিনীত

উদ্দেশ – সন্ধান
উদ্দেশ্য – লক্ষ্য

উৎপত – পাখি
উৎপথ – কুপথ

উদ্বৃত্ত – বাড়তি, অতিরিক্ত
উদ্ধৃত – উত্তোলিত, উত্থাপিত

উদার – মহৎ
উদারা – সংগীতের নিম্ন সপ্তকের সুর
উধার – কর্জ

উর্মি – নিরক্ষর
ঊর্মি – ঢেউ

উরু – প্রশস্ত, মহৎ
ঊরু – মানবদেহের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত অংশ

উহ্য – বহনীয়
ঊহ্য – অনুচ্চারিত, অনুল্লিখিত

উচ্ছোষিত – সম্পূর্ণরূপে শোষিত
উচ্ছ্বসিত – আনন্দে উদ্‌বেলিত
উচ্ছ্বাসিত – উচ্ছ্বসিত করা হয়েছে এমন

উপধি – চাতুরী, রথের চাকা
উপাধি – পদবি, খেতাব

উঁকি – আড়াল থেকে দেখা
উকি – হেঁচকি, হিক্কা

উড়শ – ছারপোকা
উরস – বুক, বক্ষঃস্থল

উল – পশম, পশুর লোমজাত সুতা
ওল – এক প্রকার কচুজাতীয় কন্দবিশেষ

উচ্ছোষণ – ঊর্ধ্ব শোষণ
উচ্ছ্বসন – উচ্ছ্বাস, স্ফীতি, ভাবের প্রকাশ

## ঋ

ঋষ্টি – গ্রহদোষ
রিষ্টি – পাপ

ঋত – কাতর
রীত – প্রথা

ঋতি – গতি
রীতি – প্রথা

## এ, ঐ

এয়ো – সধবা নারী
এও – যা বলা হলো তা

একদা – এককালে
একধা – এক প্রকারে

একতা – ঐক্য
এ কথা – এই কথা
এক তা – কাগজের এক পাতা

এন – দোষ, পাপ
এণ – কৃষ্ণসার মৃগ

ঐচ্ছিক – ইচ্ছানুযায়ী
ঐহিক – ইহলোক

SINCE - 1993
NABARUN PUBLICATION

এমনই – এরূপই
এমনি – অকারণে, বিনা প্রয়োজনে

এশা – রাতের নামাজ
এষা – সন্ধান, অভিলাষ

## ও, ঔ

ওষ্ঠ – ওপরের ঠোঁট
ওষ্ঠ্য – ওষ্ঠজাত

ওরা – তারা, উহারা
ওড়া – শূন্যে বিচরণ

ওড় – জবাফল
ওর – শেষ, সীমা

ওষধি – একবার ফল দিয়েই মরে যায় যে গাছ
ঔষধি – ভেষজ উদ্ভিদ

ওজন – মাপ, মর্যাদা
ওজোন – অক্সিজেনের রূপভেদ

## ক, ক্ষ

ক্ষুৎ – ক্ষুধা
খুঁত – ত্রুটি

কপাল – ললাট
কপোল – গাল

কটি – কোমর
কোটি – একশ লক্ষ

করি – সম্পন্ন করি
করী – হাতি
কড়ি – প্রাচীন মুদ্রাবিশেষ

কাক – পক্ষীবিশেষ
কাঁক – বকজাতায় পাখিবিশেষ
কাঁখ – কোমর

কষা – কটু স্বাদ
কশা – চাবুক

কমল – পদ্ম
কোমল – নরম

কুল – বংশ
কূল – নদীর তীর

কাদা – কর্দম
কাঁদা – কান্না করা

কুশাসন – কুশ নির্মিত আসন
কু-শাসন – খারাপ শাসন

কালি – লেখার কালি
কালী – হিন্দুদের দেবী

কুট – পর্বত
কূট – কপট

কৃত্ত – ছিন
কৃত্য – করণীয় কাজ

কূজন – পাখির ডাক
কুজন – অসৎ ব্যক্তি

কোণ – দিক
কোন – কোনটি

কৃত – কার্য, যা করা হয়েছে
ক্রীত – ক্রয় করা হয়েছে

কতক – কিছু
কথক – কথা বলে যে

কৃতদাস – ভৃত্যে পরিণত
ক্রীতদাস – কেনা গোলাম

ক্রোড় – কোল
ক্রোর – কোটি
ক্রূর – নিষ্ঠুর

কাঁচা – অপরিপক্ব
কাচা – পরিষ্কার করা/ধোয়া

কাঁটা – ফুলের কাঁটা
কাটা – কর্তন করা

কবরী – খোঁপা
করবী – ফুলবিশেষ

করা – ক্রিয়া সম্পাদন
কড়া – কঠিন, উগ্র

কাঁড়া – ছেঁটে পরিষ্কার করা
কাড়া – ছিনতাই করা

কারা – কাহারা
কারা – জেল

কৃতি – কর্ম, রচনা
কৃতী – কৃতকার্য, কর্মকুশল

কীর্তি – কৃতিত্ব
কৃত্তি – বাঘের চামড়া

কৃত্তিবাস – মহাদেব
কীর্তিবাস – যশস্বী

SINCE 1993 NABARUN PUBLICATION

কেন্দ্রাতিগ – কেন্দ্র থেকে দূরে
কেন্দ্রাভিগ – কেন্দ্রের দিক

কই – কোথায়
কই – মাছবিশেষ

কাঁচি – কাস্তে
কাছি – রজ্জু, মোটা দড়ি

কাতা – নারকেলের ছোবড়ার দড়ি
কাঁথা – কাপড় সেলাই করা আবরণ

কাজি – উপাধিবিশেষ
কাঁজি – পান্তাভাতের অম্লজল

কৃতজ্ঞ – উপকারীর উপকার স্বীকারকারী
কৃতঘ্ন – উপকারার অপকারকারী

কুড়ে – অলস
কুঁড়ে – কুটির

কুষ্ঠি – জন্মপত্রিকা
কুষ্ঠী – কুষ্ঠরোগী

কপালি – চৌকাঠের মাথার কাঠ, ঝনকাঠ
কপালী – শিব, ভাগ্যবান

কণ্ঠ – গলার স্বর
কণ্ঠ্য – কণ্ঠজাত, কণ্ঠবিষয়ক

কন্দল – কলহ, অঙ্কুর
কোন্দল – ঝগড়া-বিবাদ

কন্যা – দুহিতা, তনয়া
কন্না – ঘরের কাজ

কপট – প্রতারক, ভণ্ড
কপাট – দরজার পাল্লা

কটাল – অমাবস্যা ও পূর্ণিমার জোয়ার বা ভাটা
কোটাল – নগররক্ষক, কোতোয়াল

কল্প – মনগড়া, বেদাঙ্গ গ্রন্থবিশেষ
কল্প্য – কল্পনার যোগ্য

কর্কট – কাঁকড়া
কর্কোট – কাঁকরোল

কুঁচি – পরিধেয় বস্ত্র বা পর্দার পাট করা অংশ
কুচি – ছোটো টুকরো

কুঁড়া – তুষের কণা
কুড়া – ছড়ানো জিনিস জড়ো করা, কুটির

কুঁড়ি – মুকল
কুড়ি – ২০ সংখ্যা

কল্য – আগের বা পরের দিন
কল্ল – বাধর, কালা

কিল – ঘুসি
কীল – পেরেক, গজাল

কষণ – কষ্টিপাথরে ঘষে পরীক্ষণ
কষন – শক্ত বাঁধন

কেস – মোকদ্দমা, ব্যাপার খাপ
কেশ – চুল

কুঞ্জদার – নকশাবিশিষ্ট
কুঞ্জদ্বার – উপবনের প্রবেশ পথ

কোড়া – চাবুক, বেত
কোরা – সম্পূর্ণ নতুন

কবুতর – পায়রা, পারাবত
চবুতর – চত্বর, চাতাল

## খ

খাকি – পাংশুবর্ণ
খাগি – ভক্ষণকারিণী

খাট – পালঙ্ক
খাটো – ছোটো

খুর – পশুর পায়ের তলদেশ
ক্ষুর – ক্ষৌরকারের চুল কামানোর অস্ত্র

খাদি – খদ্দর, ভক্ষক
খাঁদি – খাঁদা নাকের খুতওয়ালা মেয়ে

খড় – বিচালি
খর – কঠিন, তীব্র
ক্ষর – নিঃসরণ, ক্ষরণ

খোদ – স্বয়ং, নিজে
খুদ – চালের ক্ষুদ্র অংশ

খরা – অনাবৃষ্টি, রৌদ্র
ক্ষরা – রস বের হওয়া, চুইয়ে পড়া

খাম – খুঁটি, লেফাফা
ক্ষাম – ক্ষয়প্রাপ্ত, কৃশ

খণ্ড – টুকরো, অংশ
খণ্ড্য – খণ্ডনযোগ্য

খোঁজা – অন্বেষণ করা
খোজা – পৌরুষহীন ব্যক্তি

খাড়ি – নদী বা খালের সংকীর্ণ অংশ
খাঁড়ি – আস্ত, পুরো, গোটা

SINCE 1993 NABARUN PUBLICATION

খোশ – আনন্দিত, সন্তুষ্ট
খোস – চর্মরোগ

খুঁড়া – খনন করা
খুড়া – কাকা, চাচা
খুরা – ছোটো পায়া

খুড়ি – কাকি, চাচি
খুরি – মাটির তৈরি ছোটো বাটি

ক্ষত – আঘাতপাপ্ত স্থান
খত – চিঠিপত্র, শপথনামা

ক্ষতি – লোকসান, অপচয়
খতি – ঘুস, চটের থলে

## গ

গা – শরীর
গাঁ – গ্রাম

গিরিশ – মহাদেব
গিরীশ – হিমালয়

গুণ – ধর্ম, ভাব, দড়ি
গুন – চটের থলে, চট

গোলক – গোলাকার বস্তু
গোলোক – বৈকুণ্ঠ, স্বর্গধাম

গোঁড়া – অন্ধভক্ত ও একগুঁয়ে
গোড়া – মূল অংশ
গোরা – ফরসা

গোত্র – বংশ, কুল
গোত্র – পর্বত

গাঁথা – নির্মাণ করা
গাথা – কাহিনি

গোচর – প্রত্যক্ষ
গো-চর – গোচারণের ক্ষেত্র

গাঁদা – ফুলবিশেষ
গাদা – রাশি, স্তূপ
গাধা – গর্দভ

গুড় – মিষ্টদ্রব্য বিশেষ
গূঢ় – গুপ্ত, গভীর

গোকুল – বৃন্দাবন
গো-কুল – গোরু জাতি

গর্ব – অহংকার
গর্ভ – ভ্রূণ

গড় – স্থূল হিসাব
গর – অভাব

গোর – কবর
ঘোর – ঘর, গভীর

গাঁতা – দলবদ্ধভাবে কাজ
গাতা – গায়ক

গোমেদ – বৈদূর্যমণি
গোমেধ – বৈদিক যজ্ঞ

গৌড় – অবিভক্ত বঙ্গের প্রাচীন নাম
গৌর – উজ্জ্বল বর্ণযুক্ত, গোরা

গো – গাভি, গোরু
গোঁ – জিদ, একরোখামি

গড় – গলগন্ড, কুঁজা
গোরু – গাভি, গোজাতি

গত – অতীত, মৃত
গৎ – নিয়ম

গাঁজন – পচন
গাজন – শৈব উৎসব

## ঘ

ঘাঁটি – কেন্দ্র, আস্তানা
ঘাটি – ঘাটের তদারককারী, পাটনি

ঘোড়া – অশ্ব, ঘোটক
ঘোরা – ঘোরাফেরা করা

ঘূর্ণমান – ঘুরছে যা
ঘূর্ণ্যমান – ঘোরানো হচ্ছে যা

ঘুরি – ঘোরা
ঘুড়ি – ঘুড্ডি

ঘেঁষ – ঘনিষ্ঠতা, সংস্রব
ঘেঁস – পাথুরে কয়লার ছাই

ঘটক – বিবাহের সম্বন্ধকারক
ঘোটক – ঘোড়া

ঘাঁটা – আলোড়ন করা, ঘোঁটা
ঘাটা – ঘাট, পথ

ঘর্ম – ঘাম
ঘর্ম্য – ঘাম সম্বন্ধীয়

SINCE 1993
NABARUN PUBLICATION

ঘোড় – ঘোড়াসংক্রান্ত
ঘোর – আচ্ছন্নতা, মোহ, ঘন

## চ

চাকরি – বেতনের বিনিময়ে কাজ
চাখড়ি – খড়িমাটি

চিত্ত – মন
চিত্য – অগ্নি
চিত – চয়ন করা হয়েছে যা, ঊর্ধ্বমুখ হয়ে শয়ান

চিড় – ফাটল
চির – দীর্ঘ সময়
চীর – ছিন্নবস্ত্র

চাষ – কৃষি
চাস – নীলকণ্ঠ পাখিবিশেষ

চ্যুত – স্খলিত বা ভ্রষ্ট
চূত – আম বা আমগাছ

চর – নদীর চর
চড় – চপেটাঘাত, থাপ্পড়

চারি – চার সংখ্যা
চারী – বিচরণকারী, ভ্রমণকারী
চাড়ি – মাটির বড়ো গামলা

চরা – বিচরণ করা
চড়া – আরোহণ করা

চুরি – অপহরণ
চুড়ি – হাতের সরু বালা

চারা – ছোটো গাছ
চাড়া – গোঁফে তা দেওয়া

চার – চার সংখ্যা, মাছের খাদ্য
চাড় – উৎসাহ উদ্যম, যত্ন

চতুর – চালাক
চতুঃ/চতুর্ – চার

চতুষ্পথ – চৌমাথা
চতুষ্পদ – চার পা-বিশিষ্ট

চাল – ঘরের চাল
চাল – চাউল

চর্চা – অনুশীলন
চর্যা – আচরণ

চরিত – চরিত্র, আচরণ, জীবনকাহিনি
চারিত – চরানো হয়েছে এমন
চারিত্র্য – মহৎ গুণাবলি, সদাচার

চরণ – পা, কবিতার পঙ্‌ক্তি
চড়ন – আরোহণ

চচ্চড়ি – অল্পঝোলে রান্না করা ব্যঞ্জন
চর্চরী – বাদ্যযন্ত্রবিশেষ

চাঁটা – চড়, চপেটাঘাত
চাটা – লেহন করা

চাঁপা – ফলবিশেষ
চাপা – চাপ দেওয়া, আরোহণ করা

চিন – দাগ, নিদর্শন
চীন – পূর্ব এশিয়ার দেশবিশেষ

চিরদিন – দীর্ঘদিন, চিরকাল
চিরদীন – আজীবন দরিদ্র

চৈত্ত – চিত্তসংক্রান্ত
চৈত্য – বৌদ্ধমঠ, যজ্ঞবেদি

## ছ

ছোরা – বড়ো ছুরি
ছোঁড়া – তরুণ বালক
ছোড়া – ছুড়ে দেওয়া

ছাড় – ত্যাগ, বাদ, অবসর
ছার – অধম, নগণ্য, তুচ্ছ

ছাদ – ছাত, ঘরের চাল
ছাঁদ – আকৃতি, গঠন

ছাট – বৃষ্টির ঝাপটা
ছাঁট – টুকরো অংশ

ছত্রি – নৌকার ছই
ছত্রী – ছত্রধারী

ছায়া – প্রতিবিম্ব
শায়া – পেটিকোট

ছদ্মাবরণ – ছদ্মবেশ ধারণ
ছদ্মভরণ – কপট ভূষণ

ছুঁড়ি – তুচ্ছার্থে নবযুবতি, কিশোরী
ছুরি – চাকু, ছোটো অস্ত্রবিশেষ

ছদ্ম – ছলনা, কপটতা
ছন্দ – পদ্যের রচনারীতি

SINCE - 1993 NABARUN PUBLICATION

ছ-টা – ৬টি, ৬ সংখ্যক
ছটা – দীপ্তি, দ্যুতি

ছন্দবদ্ধ – ছন্দে রচিত
ছন্দবন্ধ – ছন্দে বাঁধা

## জ

জাল – ফাঁদ, নকল
জ্বাল – আঁচ, আগুনের জ্বাল
ঝাল – তীব্র ও কটু স্বাদযুক্ত

জুটি – দোসর
ঝুঁটি – খোঁপা

জুলি – ছোটো নালা
ঝুলি – চট বা কাপড়ের তৈরি থলে

জ্বর – তাপ, রোগবিশেষ
জড় – অচেতন, প্রাণহীন, নিষ্ক্রিয়
জর – জরাগ্রস্ত

জিব – জিভ, জিহ্বা
জীব – প্রাণী

জোর – শক্তি
জোড় – যুগল, জোড়া

জলা – জলময় নিম্নভূমি
জ্বলা – দগ্ধ হওয়া, পোড়া

জমক – সমারোহ, আড়ম্বর
যমক – যমজ

জ্যেষ্ঠ – অগ্রজ
জ্যৈষ্ঠ – মাসবিশেষ

জ্যোতি – আলোক, দীপ্তি
যতি – ছেদ, বিরাম

জপ – উপাসনা
যব – শস্যবিশেষ

জাত – উৎপন্ন
যাত – গত

জড় – অচেতন
ঝড় – ঝটিকা

জাম – জামগাছের ফল
যাম – এক প্রহর, তিন ঘণ্টা

জানু – হাঁটু
ঝানু – পাকা

জালা – মাটির তৈরি বড়ো পাত্র
জ্বালা – যন্ণা

জল – পানি
জ্বল – দীপ্তি

জা – ভাসুর বা দেবর-পত্নী
জ্যা – ধনুকের ছিলা

জাতি – সম্প্রদায়, শ্রেণি
জাঁতি – সুপারি কাটার যন্ত্র

জোড় – যুগ্ম
জোর – শক্তি

জগতি – জগৎকর্তা, সিংহাসন
জগতী – পৃথিবী

জড়া – জড়িয়ে আছে এমন
জরা – বার্ধক্য, স্থবিরতা

জাঁতা – পেষণযন্ত্র
যা-তা – খোলা, বাজে
যাতা – গমনকর্তা, দেবর বা ভাসুরের পত্নী

জবানি – উক্তি, মৌখিক বিবৃতি
যবানী – মসলাবিশেষ, জোয়ান

জোঁক – রক্তচোষা কীটবিশেষ
জোখ – পরিমাপ, ওজন

জড়ানো – আবৃত করা, আলিঙ্গন করা
জরানো – জারিত করা

জার – রুশ সম্রাট
জাড় – শীত, ঠান্ডা

জমি – ভূমি, ভূপৃষ্ঠ, ভূসম্পত্তি
যমী – সংযমী, জিতেন্দ্রিয়

জারি – ভক্তিমূলক গানবিশেষ, প্রবর্তন
জাড়ি – ভেষজ গুল্ম, পাত্র

জুড়ি – সাথি, যুগ্ম, সমকক্ষ
জুরি – নির্ণায়ক সভা

জেটি – জলযান ভেড়ানোর জায়গা
জেঠি – জ্যাঠার পত্নী

জুস – ফলের রস
যূষ – ঝোল, মাংস ডাল প্রভৃতির ক্বাথ

জরৎ – জরাজীর্ণ, বৃদ্ধ, প্রাচীন
জরদ – হলদে, পীতবর্ণের

জুজুতসু – জুডো, জাপানি মল্লবিদ্যাবিশেষ
যুযুৎসু – যুদ্ধ করতে উৎসুক

**ঝ**

ঝরা – খসে পড়া, ফোঁটায় ফোঁটায় পড়া, অভিজ্ঞ
ঝোরা – ঝরনা

ঝানু – পাকা, অভিজ্ঞ
জানু – হাঁটু

ঝাড়া – নাড়া দেওয়া
ঝারা – ছেদপাত্র

ঝুড়ি – টুকরি
ঝুরি – গাছ থেকে ঝুলে পড়া জটা

ঝুরা – ঝরে পড়া, অশ্রুপাত করা
ঝুড়া – গাছের অনাবশ্যক ডালপালা ছেঁটে ফেলা

**ট, ঠ**

টকা – মাধর্যহীন হওয়া
টোকা – মাথাল

টলা – বিচলিত হওয়া
টোলা – পাড়া, পল্লি

টেকা – স্থায়ী হওয়া
টেক্কা – প্রতিযোগিতা, টক্কর

টিকা – রোগের প্রতিষেধকবিশেষ
টীকা – ব্যাখ্যা

টপটপ – বৃষ্টি পড়ার শব্দ
টপাটপ – ক্রমাগত, দ্রুততার সাথে

ঠার – ইঙ্গিত
ঠাড় – খাড়া

ঠক – ধ্বনিবিশেষ
ঠগ – প্রতারক

ঠকা – প্রতারিত হওয়া, হেরে যাওয়া
ঠোকা – সশব্দে মারা বা চাপড়ানো

ঠোঙা – কাগজ বা পাতার তৈরি অস্থায়ী আধার
ডোঙা – এক প্রকার ছোটো সরু নৌকা

টলমল – উছলে পড়ার ভাব
টলোমলো – টলমল করছে এমন

টাকা – মুদ্রাবিশেষ
টাঁকা – বড়ো বড়ো ফোঁড়ে সেলাই করা

টিকাদার – শরীরে রোগ প্রতিষেধক প্রয়োগকারী
টীকাকার – যিনি ব্যাখ্যা করেন

**ড, ঢ**

ডর – ভয়
ডোর – বন্ধন

ডাকা – আহ্বান করা
ঢাকা – ঢাকনা দেওয়া

ডাল – শস্যবিশেষ
ডাল – শাখা

ডুলি – ছোটো পালকিজাতীয় মনুষ্যবাহিত যান
ঢুলি – ঢোলবাদক

ডিক্রি – আদালতের হুকুম বা নিষ্পত্তি ও নির্দেশ
ডিগ্রি – তাপমাত্রা বা কৌণিক পরিসর পরিমাপের একক

ডুব – পানিতে নিমজ্জন, স্নান
ঢুপ – স্থূল জিনিস পড়ার শব্দ

ডলা – মালিশ করা, মর্দন করা
ঢলা – হেলে পড়া

ডাক – আহ্বান
ডাক – চিঠি-পত্রাদির চলাচল ব্যবস্থা
ঢাক – বাদ্যযন্ত্রবিশেষ

ঢাল – আঘাত প্রতিরোধকারী ফলক
ঢাল – ঢালু জমি

ঢলা – ঝুকে পড়া
ঢোলা – আঁটোসাঁটো নয়, ঢিলা

ডান হাত – ডান দিকের হাত
ডানহাত – প্রধান সহায়ক

**ত**

তরঙ্গ – পানির ঢেউ
তুরঙ্গ – ঘোড়া

তথ্য – সংবাদ
তত্ত্ব – মূলকথা, থিওরি

তদীয় – তার
ত্বদীয় – তোমার

তুলা – নিক্তি
তুলা – কার্পাস তুলা

তরণী – নৌকা
তরুণী – যুবতী

তুন্ড – জাবজন্তুর মুখ বা ওষ্ঠাধর
তুন্দ – পেট

তেজি – বেশি দাম
তেজী – বলবান

ত্বরিত – দ্রুত
তরিত – পার করা হয়েছে
তড়িৎ – বিদ্যুৎ

তোরা – তুচ্ছার্থে তোমরা
তোড়া – ফুলের গুচ্ছ

তনু – দেহ
তণু – কৃশ

তারা – নক্ষত্র
তাড়া – তাগিদ

তীর – কূল
তির – বর্শা

তপসি – ছোটো মাছবিশেষ
তপস্বী – যে তপস্যা করে

তক – পর্যন্ত
ত্বক – দেহের চামড়া

তুর্য – সমাধির চতুর্থ অবস্থা, বৃত্তপরিধির চতুর্থাংশ
তূর্য – প্রাচীন রণবাদ্যবিশেষ

তেউড় – তেড়, চারাগাছ
তেওড় – খেসারির ডাল, বাঁকা, ত্যারচা
তেওর – মৎস্য ব্যবসায়ী জাতি

তেমনই – ঠিক সেই রকমই
তেমনি – তৎক্ষণাৎ, সঙ্গে সঙ্গে

ততক্ষণ – সেই সময়ের মধ্যে
তৎক্ষণ – সেই সময়, বর্তমানকাল

তারকা – নক্ষত্র
তাড়কা – রাক্ষসীবিশেষ

তড়াক – হঠাৎ লাফ দেওয়ার বেগসূচক ভাব
তড়াগ – বড়ো ও গভীর পুকুর, সরোবর

তরণ – এক পার থেকে অন্য পারে গমন
ত্বরণ – গতি ক্রমবৃদ্ধির হার

তাঁত – কাপড় বোনার হস্তচালিত যন্ত্র, বয়নযন্ত্র
তাত – পিতা, পিতৃব্য, পিতৃস্থানীয় গুরুজন

তরা – পার হওয়া
ত্বরা – দ্রুততা, ব্যস্ততা

তৃষা – পিপাসা, তেষ্টা
ত্বিষা – দীপ্তি, শোভা

তাড়ক – জ্বালাতনকারী
তারক – ত্রাণকর্তা

তুড়ি – মধ্যমা ও বুড়ো আঙুলের সংঘাতজনিত শব্দ
তুরি – তাঁতির বয়নযন্ত্রে

তুষ – ধান সরিষা প্রভৃতি শস্যের খোসা
তুস – নরম পশমি কাপড়বিশেষ

তেতলা – তিনটি তলবিশিষ্ট
তেতালা – ষোলো মাত্রার তালবিশেষ

তোষা – মূল্যবান জিনিসপত্র
তোষা – তুষ্ট বা আনন্দিত করা

তাদৃশ – সেইরকম, তদ্রূপ
ত্বাদৃশ – তোমার মতো, তোমার

ত্রসন – ভীত হওয়া
ত্রাসন – ভীতি প্রদর্শন

তাড়ন – শাসন, ভর্ৎসনা
তারণ – ত্রাণ

তুরক – তুর্কি জাতি, তুর্কি টুপি
তুরুক – সেই মুহূর্তে, তৎক্ষণাৎ, সঙ্গে সঙ্গে

তুলাধর – সূর্য
তুলাধার – বণিক, দাঁড়িপাল্লা

তুন্ড – পাখির চঞ্চু বা ঠোঁট
তুন্দ – উদর, ভুঁড়ি

## থ

থকা – পরিশ্রান্ত হয়ে হঠাৎ থামা
থোকা – গুচ্ছ

থাক – জিনিসপত্র রাখার খাঁজ, তাক
থোক – মোট

থান – একবারে বোনা বস্ত্রখন্ড
স্থান – জায়গা

থোড় – কলা গাছের মজ্জা
তোড় – প্রবল স্রোত
তোর – তুই-এর সম্বন্ধার্থক রূপ

## দ

দিগর – অঞ্চল, তল্লাট
দিঘল – দীর্ঘাকার

SINCE - 1993
NABARUN PUBLICATION

দিন – দিবস
দীন – দরিদ্র

দেশ – রাজ্য
দ্বেষ – হিংসা

দীপ – বাতি, প্রদীপ
দ্বীপ – স্বাভাবিক পানিবেষ্টিত স্থলভূমি
দ্বিপ – হাতি

দাঁড়ি – পূর্ণচ্ছেদ চিহ্ন
দাড়ি – শ্মশ্রু
দ্বারী – প্রহরী

দ্বার – দরজা
দার – স্ত্রী
দাঁড় – নৌকার বইঠা

দাঁড়া – দণ্ড, রীতি, দাঁড়ানোর অনুজ্ঞা
দাড়া – বড়ো দাঁত, হুল

দারা – পত্নী
দ্বারা – দিয়ে, কর্তৃক

দূত – চর
দ্যুত – পাশাখেলা

দৃপ্ত – বলিষ্ঠ
দীপ্ত – উজ্জ্বল

দুকুল – রেশমি বস্ত্র , দুই বংশ
দুকূল – দুই তীর

দর – মূল্য
দড় – কঠিন, মজবুত

দর্প – গর্ব
দর্ভ – তৃণজাতীয় উদ্দিদ

দেড়ি – দেড়গুণ
দেরি – বিলম্ব

দিনেশ – সূর্য
দীনেশ – দরিদ্রের আশয় বা সহায়

দণ্ড – যষ্টি, লাঠি
দণ্ড্য – দণ্ডণীয়

দেড়ে – দাড়িওয়ালা
ধেড়ে – বয়স্ক

দৃষ্ট – দর্শিত, লক্ষিত
ধৃষ্ট – নির্লজ্জ

দাম – মূল্য
ধাম – আবাস

দলিত – নিপীড়িত
দোলিত – দোলানো হয়েছে এমন

দোষী – অপরাধী
দশি – বস্ত্রপ্রান্ত, কাপড়ের ফালি

দাশ – মৎস্যজীবী জাতি, পদবিবিশেষ
দাস – পরিচারক, পদবিশেষ

দু – দুই
দ্যু – স্বর্গ, আকাশ
দুরস্ত – পরিপাটি, ঠিকঠাক
দূরস্থ – দূরবর্তী, দূরে অবস্থিত

দেশি – স্বদেশে উৎপন্ন, স্বদেশে প্রচলিত
দ্বেষী – বিদ্বেষকারী, হিংসক

দেহী – শরীরী, দেহধারী
দেহি – প্রদান করো

দ্রোণি – ছোটো নৌকাবিশেষ
দ্রৌণি – দ্রোণপুত্র অশ্বত্থামা

দ্বিশত – দুইশো
দ্বিষৎ – বিদ্বেষকার, শত্রু

দ্বন্দ্ব – কলহ, বিবাদ
ধন্দ – ধাঁধা, দৃষ্টিভ্রম

দেওয়া – প্রদান করা, প্রেরণ করা
দেয়া – মেঘ, আকাশ

দরাদরি – দরকষাকষি
দড়াদড়ি – মোটা ও সরু দড়ি

দধিজ – দই থেকে উৎপন্ন
দধীচ – পুরাণোক্ত মুনিবিশেষ

দূতী – স্ত্রী-দূত
দ্যুতি – জ্যোতি, কিরণ, সৌন্দর্য

দড়ি – রশি, রজ্জু
দরি – গিরিগুহা

দরবেশ – মুসলমান সাধু পুরুষ
দরপেশ – বিচারাধীন

দাও – কাটারি, দেওয়ার অনুজ্ঞা
দাঁও – সুযোগ, সুবিধা

দিদি – বড়ো বোন, আপা
দিধি – ধৈর্য, ধীরতা

দুধারি – উভয় পার্শ্বস্থ
দোধারি – দুদিকে ধার আছে এমন

SINCE 1993
NABARUN PUBLICATION

দন্ত – দাঁত
দন্ত্য – দাতসম্বন্ধীয়

দণ্ডি – পইতা, যজ্ঞসূত্র
দণ্ডী – দন্ডধারী সন্ন্যাসী, রাজা

দুরন্ত – অশান্ত, দুস্ট, দামাল
তুরন্ত – শীঘ্র, দ্রুত, সত্বর

দাতা – দানকারী
ধাতা – পালনকর্তা, পিতা

দিস্ট – আদিস্ট, কথিত, নির্দিস্ট
দৃস্ট – দেখা হয়েছে এমন, জ্ঞাত, আলোকিত

দুষ্কৃতি – দুষ্কর্ম, পাপ
দুষ্কৃতী – কুকর্মকারী, পাপী

## ধ

ধারি – সরু বারান্দা
ধারী – ধারালো

ধরা – পৃথিবী, স্পর্শ করা
ধড়া – কটিবসন, ধুতি

ধনী – ধনবান
ধনি – সুন্দরী নারী
ধ্বনি – আওয়াজ, শব্দ

ধাতৃ – বিধাতা
ধাত্রী – ধাইমা, দাইমা, দাই

ধুম – পাচুর্য
ধূম – ধোয়া

ধারী – ধারণকারী
ধাড়ি – অগ্রণী বা নেতা

ধর – ধারণ করে এমন, ধারণকারী
ধড় – মুন্ডহীন দেহ

ধোয়া – ধৌত করা
ধোঁয়া – ধূর্ম

ধাপ – সিঁড়ির পইঠা
দাপ – দাপট, দর্প

ধানি – ধান চাষ হয় এমন
ধানী – আশ্রয়, স্থান, পাত্র

ধর্ম – বিভিন্ন সম্প্রদায়ের শাস্নির্দিস্ট রীতিনীতি
ধর্ম্য – ধমসংগত

ধন্যি – সাধুবাদের যোগ্য
ধন্বি – তীরন্দাজ

ধন্না – ধরনা
ধন্বা – ধনুক

ধুত – কম্পিত, বর্জিত
দুৎ – বিরক্তি প্রকাশক

ধুনি – আগুনের পাত্র
ধুনী – নদী

## ন

নুন – লবণ
ন্যূন – কম

নাশ – ধ্বংস
নাস – নাক, নস্য

নিচ – নিম্ন
নীচ – হীন, ইতর

নিতি – রোজ, প্রত্যহ
নীতি – নিয়ম

নীর – পানি
নীড় – পাখির বাসা

নিশিত – ধারালো
নিশীথ – গভীর রাত

নির্জর – দেবতা, জরাহীন
নির্ঝর – ঝরনা

নিরাশ – আশাহীন
নিরাস – বর্জন, প্রত্যাখ্যান

নিরস্ত – ক্ষান্ত
নিরস্ত্র – অস্ত্রহীন

নিরাকার – আকারহীন
নীরাকার – পানির আকার

নভ – আকাশ
নব – নূতন, নতুন

নারী – স্ত্রীলোক
নাড়ি – ধমনি
নারি – পারি না (কবিতার ক্ষেত্রে)

নিঃসজ্ঞা – একাকী, সজ্ঞাহারা
নিঃসংজ্ঞ – অজ্ঞান, অচেতন

নিবার – নিষেধ করা
নীবার – ধানবিশেষ

নিধান – আধার
নিদান – শেষ, মূল কারণ

SINCE 1993 NABARUN PUBLICATION

নিরসন – দূরীকরণ
নিরশন – অনাহার

নিরত – নিযুক্ত
নীরত – বিরত

নাক – নাসিকা
নাগ – সাপ

নিবন্ধ – প্রবন্ধ, রচনা
নির্বন্ধ – বিশেষ অনুরোধ

নিঃসাড় – সাড়হীন, অবশ, নিস্তেজ
নিঃসার – সারহীন, অসার, নীরস

নিবৃত্ত – বিরত
নির্বৃত্ত – সম্পন্ন, নিষ্পন্ন

নিভৃত – গোপন
নিবৃত – পরিখাবেষ্টিত, আবৃত

নুড়ি – পাথরের ছোটো টুকরো
নুরি – টিয়াপাখি

নত – অবনত, বিনীত
নথ – নাকের অলংকার

নাগরি – মাটির কলস
নাগরী – দেবনাগরী অক্ষর

নন্দ – আনন্দ
নন্দ্য – আনন্দের যোগ্য

নিরত – নিযুক্ত, নিবিষ্ট
নীরত – নিবৃত্ত, বিরত

নিষধ – প্রাচীন ভারতের রাজ্যবিশেষ
নিষাদ – মৎস্যজীবী

নীপ – কদম
নৃপ – রাজা

নই – নহি, না হই
নৈ – নবজাত

নৈতিক – নীতিবিষয়ক
নৈত্যিক – প্রতিদিনের

নাচ – নৃত্য
নাছ – বাড়ির পেছন দিকের

নিখাদ – খাঁটি, বিশুদ্ধ
নিখাত – খনিত, প্রোথিত

নিচোল – চাদর
নিচুল – বেতগাছ

নিঃশরন – আশ্রয়হীন, নিরাশ্রয়
নিঃসারণ – বহিষ্করণ, নিষ্কাশন

নিবর্তন – নিকারণ, বিরতি
নির্বর্তন – কর্মসম্পাদন

নিরাবরণ – আবরণহীন, অনাকৃত
নিরাভরণ – নিরলংকার

নিরাসক্তি – আসক্তিহীনতা
নিরাসত্তি – নৈকট্যের অভাব

নির্বপণ – পূর্বপুরুষের উদ্দেশে পিন্ডদান
নির্বাপণ – প্রশমন, দূরীকরণ

নির্বাত – বায়ুশূন্য
নির্বাদ – দুর্নাম, নিন্দা
নির্বাধ – বাধাহীন

নড়ি – লাঠি, ডান্ডা
নরি – পঙ্‌ক্তি, শ্রেণি

নৃত্য – রসভাবসহ নাচ
নৃত্ত – রসভাবহীন নাচ

## প

পানি – জল
পাণি – হাত

পাক – রান্না
পাঁক – কাদা

পরা – পরিধান করা
পড়া – পাঠ করা

পরিচ্ছদ – পোশাক
পরিচ্ছেদ – পুস্তকের অধ্যায়, ভাগ

পদ্য – কবিতা
পদ্ম – কমল

পদ – কবিতার পঙ্‌ক্তি
পদ – পা

পর্ণ – পাতা
পণ্য – বাণিজ্য দ্রব্য

পান – পাতাবিশেষ
পান – পান করা

পুরা – সম্পূর্ণ
পুড়া – দগ্ধ

পরভৃত – কোকিল
পরভৃৎ – কাক

SINCE - 1993 NABARUN PUBLICATION

প্রভাতি – প্রভাতের গান
প্রভাতী – প্রভাতকালীন

পিঠ – পৃষ্ঠ
পীঠ – বেদী

পুরি – লুচি
পুরী – গৃহ

পালক – পাখনা
পালক – পালনকারী

পরিষদ – সভা
পারিষদ – সভাসদ, সভ্য

পঠন – নিজে পড়া
পাঠন – অন্যকে পড়ানো

পাঁশ – ছাই, ভস্ম
পাশ – পরীক্ষায় উত্তীর্ণ

পাট – ফসলবিশেষ
পাঠ – পড়া

পরিচ্ছন্ন – পরিষ্কার, পরিপাটি
পরিচ্ছিন্ন – বিভক্ত, পরিমিত

পরিচর্চা – আলোচনা
পরিচর্যা – সেবা

প্রদান – দেওয়া
প্রধান – শ্রেষ্ঠ, বড়ো

পক্ষ – পনেরো দিন, পাখির ডানা
পক্ষ্ম – চোখের লোম

পুত – পুত্র, ছেলে
পূত – পবিত্র
পুৎ – নরকবিশেষ

পড়পড় – কাপড় ছেঁড়ার অনুকার শব্দ
পরপর – একের পর এক

পাড়ি – পার হওয়া
পারি – সমর্থ বা সক্ষম হই

পৃষ্ঠ – পিঠ
পৃষ্ট – জিজ্ঞাসিত

পরশ্ব – পরশু
পরস্ব – পরের সম্পদ

প্রকার – রকম
প্রাকার – প্রাচীর

প্রসাদ – অনুগ্রহ
প্রাসাদ – বড়ো দালান

প্রকৃত – যথার্থ
প্রক্রীত – ভাড়া করা বিমান, নৌযান বা সড়কযান
প্রাকৃত – ভাষাবিশেষ

পুরুষ – নর
পরুষ – কঠোর

পূর্বাভাষ – ভূমিকা, মুখবন্ধ
পূর্বাভাস – আগাম সতকবার্তা

পূর্বরাত্র – রাত্রির পূর্বভাগ
পূর্বরাত্রি – গত রাত্রি

পুঁতা – রোপণ করা
পুতা – মসলা পেষণের উপযোগী প্রস্তরখণ্ড

পুষা – লালন-পালন করা
পূষা – সূর্য

পটল – রাশি, সমূহ, চোখের ছানি
পটোল – সবজিবিশেষ

পরদেশ – বিদেশ, অন্য দেশ
পরদ্বেশ – অন্যের প্রতি দ্বেষ বা হিংসা

পত্রলেখা – অঙ্গে তিনকাদি রচনা
পত্র লেখা – চিঠি লেখা

পটাশ – পটাশিয়ামের যৌগবিশেষ
পটাস – হঠাৎ পট শব্দ

পাঁতি – শ্রেণি, সারি, রীতি
পাতি – ছোটো প্রজাতির পর্যায়ভুক্ত
পাতী – পতনোন্মুখ

পাটকিল – ইটের বর্ণবিশিষ্ট
পাটকেল – ইটের টুকরো

পাড়া – মহল্লা
পারা – সমর্থ হওয়া

প্রতিভাষ – পালটা জবাব
প্রতিভাস – প্রকাশ

প্রতিসরণ – আলোকরশ্মির পরিবর্তিত গতিপথ
প্রতিসারণ – অপসারণ, দূরীকরণ

পামরি – শস্যধ্বংসকারী কীট
পামরী – পাপিষ্ঠা

পুরু – সামনে, আগে
পুরুত – পুরোহিত

পুরস্কার – পারিতোষিক
পুরুষকার – পুরুষের স্বাভাবিক উদ্যম, পৌরুষ

প্রদীপ্ত – অতি উজ্জ্বল, ভাস্বর
প্রদৃপ্ত – অত্যন্ত গর্বিত, সতেজ

পিন – আলপিন
পীন – স্থূল, পুষ্ট

প্রসব – সন্তান জন্মদান
প্রসভ – বলাৎকার

পরামর্শ – মন্ত্রণা, উপদেশ
পরামর্ষ – সহন, সহ্যকরণ

পোচ – ফুটন্ত জল বা অল্প তেলে হালকা ভাজা ডিম
পোঁচ – প্রলেপ, লেপন
পোঁছ – মোছার কাজ

পুব – পূবদিক
পূপ – পিঠা

পুর – নগর, শহর
পূর – জলরাশি

প্রসরণ – ইতস্তত ভ্রমণ
প্রসারণ – প্রসারিতকরণ

পো – পুত্র, সিকি ভাগ
পোঁ – সানাইয়ের টানাশব্দ

পেশা – জীবিকার উপায়, বৃত্তি
পেষা – পেষণ করা

পাঁড় – সম্পূর্ণ, পাকা
পাড় – তীর, খেতের আল
পার – কিনারা, কূল, উদ্ধার

পাঁজি – পঞ্জিকা
পাজি – উদ্ধত, ঝগড়াটে

প্রথিত – বিখ্যাত, খ্যাতিসম্পন্ন
প্রোথিত – পোঁতা হয়েছে এমন

প্রমদ – প্রমত্ত
প্রমোদ – আনন্দ, বিলাস

পেট্রোল – জ্বালানিরূপে ব্যবহৃত খনিজ তরল পদার্থ
প্যাট্রল – টহল, টহলদারি

প্যাঁড়া – ক্ষীরের তৈরি মিঠাইবিশেষ
প্যাড়া – বেতের তৈরি বড়ো ঝাঁপিবিশেষ

পোঁত – মাটির নিচে প্রোথিত অংশ
পোত – নৌকা, জাহাজ প্রভৃতি যান

পূরণ – পরিপূর্ণতা প্রাপ্তি, বৃদ্ধি
পুড়ন – দহন, যন্ত্রণা

প্রসাদন – সন্তোষবিধান
প্রসাধন – বেশবিন্যাস

প্রেস – ছাপাখানা, সংবাদমাধ্যম
প্রেষ – চাপ

প্রাত্যহিক – প্রতিদিনের, দৈনিক
প্রাত্যয়িক – প্রত্যয়ী, প্রত্যয়বিষয়ক

পদপিষ্ট – পদদলিত
পদপৃষ্ঠ – পায়ের পাতা

## ফ

ফটক – সদর দরজা
ফাটক – জেলখানা

ফসকা – আলগা
ফোসকা – পানিপূর্ণ স্ফোটক

ফাড়া – ছেঁড়া
ফাঁড়া – বিপদাশঙ্কা

ফি – প্রত্যেক
ফি – বেতন

ফোড়া – ব্রণ, স্ফোটক
ফোঁড়া – ছিদ্র করা

ফিক – মৃদু হাসি
পিক – কোকিল

ফোঁটা – তরল পদার্থের বিন্দু
ফোটা – বিকশিত বা প্রস্ফুটিত হওয়া

ফেরেশতা – আল্লাহর দূত, দেবদূত
বেরেশতা – ঘি বা তেলে ভাজা মিহি করে কাটা পেঁয়াজ

ফাল্গুনী – নক্ষত্রবিশেষ
ফালগুনি – তৃতীয় পাণ্ডব অর্জুন
ফাল্গুনী – বাসন্তী পূর্ণিমা

ফুলশয্যা – ফুল দিয়ে সাজানো শয্যা
ফুলসজ্জা – ফুল দিয়ে সজ্জিতকরণ

ফুঁক – মন্ত্রপাঠ করে ফ
ফুক – অতি দ্রুততার ভাব

## ব

বল – শক্তি
বল – খেলার বল

বাঁট – হাতল, স্তনবৃন্ত
বাট – পথ, রাস্তা

বোজা – বন্ধ করা
বোঝা – ভার, মোট

ব্রহ্ম – পরমেশ্বর
ব্রাহ্ম – রামমোহন রায়ের ধর্মমত

বর্ষা – ঋতুবিশেষ
বর্শা – ধনুক, অস্ত্রবিশেষ

বিষ – গরল
বিশ – কুড়ি
বিস – মৃণাল, পদ্মের ডাঁটা বা নাল

বেদ – হিন্দুদের ধর্মগ্রন্থবিশেষ/শ্রুতি
বেধ – গভীরতা

বান – বন্যা
বাণ – শর, তির

বীণা – বাদ্যযন্ত্র
বিনা – ব্যতীত, ছাড়া

বাণী – বাক্য, কথা
বানি – গয়না তৈরির মজুরি

বড়ো – জ্যেষ্ঠ
বর – স্বামী, আশীর্বাদ

বাড়ি – ঘর
বারি – পানি/জল

বিস্মিত – অবাক
বিস্মৃত – যা মনে নেই

বিত্ত – ধন
বৃত্ত – গোলাকার ক্ষেত্রবিশেষ
বৃত্য – বরেণ্য, শ্রদ্ধেয়

বাজি – ভেলকি
বাজী – ঘোড়া

বাতি – প্রদীপ
ভাতি – দীপ্তি, শোভা

বৃন্ত – বোঁটা
বৃন্দ – সমূহ

বাঁদি – দাসী, চাকরানি
বাদী – ফরিয়াদি, বক্তা

বিচি – বীজ
বীচি – ঢেউ

বাড়ন – ঝাঁটা, বৃদ্ধি
বারণ – নিষেধ

বা – অথবা
বাঁ – বাম দিক

বাধা – বারণ
বাঁধা – বন্ধক, বন্ধন

বলি – নৈবেদ্য, উৎসর্গ
বলী – বলবান

বাস – বাসস্থান
বাঁশ – উদ্দিদবিশেষ

বাটা – পেষণ করা
বাঁটা – ভাগ করা

বিজন – নির্জন
বীজন – বাতাস দেওয়া

বল্লব – গোপ
বল্লভ – প্রিয়

বাঁক – মোড়
বাক্ – উক্তি, ভাষা

বন্দি – কয়েদি
বন্দী – বন্দনাকারী গায়ক

বর্তি – প্রদীপ, সলতে
বর্তী – বিদ্যমান

বন্ধ – বাঁধন
বন্ধ্য – নিষ্ফল

বিবৃতি – বর্ণনা
বিবৃত্তি – চক্রবৎ ভ্রমণ

বাদিত – ধ্বনিত
বাধিত – কৃতার্থ

বালি – বালু
বালী – কিষ্কিন্ধ্যার রাজা

বাঁশি – ফু দিয়ে বাজানোর বাদ্যযন্ত্র
বাসি – টাটকা নয়
বাসী – বসবাসকারী

বেশি – অনেক
বেশী – বেশধারী

ব্যসন – নেশা
বসন – বস্ত্র

SINCE 1993 NABARUN PUBLICATION

ব্যঙ্গ – বিদ্‌প
ব্যঙ্গ্য – তাৎপর্যপূর্ণ

বিদুর – ধীর, জ্ঞানী
বিদূর – দূরবর্তী
বিধুর – কাতর

বিরচিত – প্রণীত
বীরোচিত – বীরের উপযুক্ত

বিস্তর – প্রচর
বিস্তার – ব্যাপ্তি

বিবৃত – বর্ণিত
বিব্রত – ব্যতিব্যস্ত, অসহনীয়

বণিতা – স্ত্রী, নারী, প্রেয়সী
ভণিতা – কথার আড়ম্বরপূর্ণ সূচনা

বকরা – ছাগল
বখরা – কোনো বস্তুর ভাগ

বরগা – কড়িকাঠ
বর্গা – ভাগচাষি

বর্গ – জাতি, দলসমূহ
বর্গ্য – বর্গ সম্বন্ধীয়

বাঁদর – বানর
বাদর – বৃষ্টি (কাব্যে)

বর্জ্য – আবর্জনা
বর্য – প্রধান, শ্রেষ্ঠ

বসন্তী – কোকিল
বাসন্তী – বসন্তকাল

বয়ড়া – বহেড়া
বয়রা – বধির, কালা

বঁধু – বন্ধু, প্রণয়ী
বধূ – পত্নী, স্ত্রী

বর্ধিষ্ণু – ক্রমশ বাড়ছে এমন
বর্তিষ্ণু – স্থিতিশীল

বাঁচা – জীবিত থাকা, রক্ষা পাওয়া
বাচা – মিঠাপানির মাছবিশেষ

বঁটি – মাছ, তরকারি প্রভৃতি কোটার অস্ত্রবিশেষ
বটী – বড়ি, ওষুধের গুটিকা

বাঁধ – জলপ্রবাহ বন্ধ করার জন্য নির্মিত প্রাচীর
বাধ – বাধা, প্রতিবন্ধ, ব্যাঘাত

বর্তমান – উপস্থিত, এখনকার
মর্তমান – সবরিকলা

বর্ষমাণ – বর্ষিত হচ্ছে এমন, বর্ষণশীল
বর্ষমান – বৃষ্টি পরিমাপক সরঞ্জাম

বশত – জন্য, নিমিত্ত
বসত – আবাস, নিবাস

বিশ্রুত – বিখ্যাত, প্রসিদ্ধ
বিস্রুত – ক্ষরিত, প্রবাহিত

বিশ্বায়ন – বৈশ্বিকীকরণ
বিস্ময়ন – বিস্ময় সৃষ্টি বা উৎপাদন

বাইশ – ২২ সংখ্যা
বাইস – ছুতারের হাতিয়ারবিশেষ

ব্যাজোক্তি – শ্লেষপূর্ণ উক্তি
ব্যঞ্জোক্তি – ব্যঞ্জনাপূর্ণ উক্তি

ব্যবহৃত – কাজে লাগানো হয়েছে এমন
ব্যবহিত – দূরে দূরে অবস্থিত

বোড়া – বিষধর সাপবিশেষ
বোঢ়া – বাহক, বিবাহকর্তা
বোরা – চটের বড়ো থলি, বস্তা

বোদা – স্বাদহীন, বিস্বাদ
ভোঁদা – মোটা, স্থূলকায়, স্থূলবুদ্ধি

বিকৃত – অস্বাভাবিক অবস্থাপ্রাপ্ত
বিক্রীত – বিক্রি করা হয়েছে এমন

বরণ – সাদরে গ্রহণ
বরণ – 'বর্ণ'-র কোমল রূপ

বজরা – বড়ো নৌকাবিশেষ
বাজরা – মিহি চালের ধানবিশেষ

বন্দ – দৈঘ্যপ্রস্থের সমষ্টির পরিমাণ
বন্দ্য – বন্দনার যোগ্য, পূজনীয়

বিগ্ন – উৎকণ্ঠিত
বিঘ্ন – ব্যাঘাত, বাধা

বাড়া – বৃদ্ধি পাওয়া, পরিবেশন করা
বারা – বারণ করা, বাধা দেওয়া

বেঁটে – খাটো, খর্বকায়
বেটে – মোটা দড়ি

বিবক্ষা – বলার ইচ্ছা
বিবিক্ষা – প্রবেশ করার ইচ্ছা

SINCE 1993 NABARUN PUBLICATION

বিহারি – বিহারে উৎপন্ন
বিহারী – বিচরণকারী, প্রমোদরত

বিভাষা – ভিন্নদেশীয় ভাষা, উপভাষা
বিভাসা – আলোকিত হওয়া, দীপ্ত হওয়া

বেঁড়ে – লেজকাটা, বেঁটে
বেড়ে – চমৎকার, উত্তম

বৈচিত্ত্য – চিত্রের গতিপ্রকৃতি, মতিভ্রম
বৈচিত্র্য – বিচিত্রতা, বিভিন্নতা

বিতারিত – তাড়িয়ে দেওয়া হয়েছে এমন, দূরীকৃত
বিতারিত – বিতরণ বা বণ্টন করা হয়েছে এমন

বর্ষমাণ – বর্ষণশীল, বর্ষিত হচ্ছে এমন
বর্ষমান – বৃষ্টি পরিমাপক সরঞ্জাম

বর্তিত – সম্পাদিত, নিষ্পাদিত
বর্ধিত – বৃদ্ধিপ্রাপ্ত, বাড়ানো হয়েছে এমন

বর্তক – কোয়েল পাখি
বর্ধক – বৃদ্ধিকারক, বর্ধনকারী

বলাকা – বলকযুক্ত, বলক উঠেছে এমন
বল্গা – লাগাম

বিহারি – ভারতের বিহার রাজ্যের অধিবাসী
বিহারী – বিচরণকারী, প্রমোদরত

## ভ

ভরসা – নির্ভর
বরষা – বৃষ্টিপাত

ভাষ – কথা
ভাস – দীপ্তি

ভাষণ – বক্তৃতা, উক্তি, কথন
ভাসন – ভেসে থাকার অবস্থা

ভাষা – মুখের কথা
ভাসা – পানিতে ভাসমান, ভেসে যাওয়া

ভোজন – আহার
ভজন – আরাধনা

ভাত – অন্ন
বাত – রোগবিশেষ

ভারা – টাঙানো বা ঝলানো মাচা
ভাড়া – মাশুল

ভীত – শঙ্কিত
ভিত – বুনিয়াদ

ভারি – খুব
ভারী – বেশি ওজনের

ভান – কৃত্রিম আচরণ
ভাণ – ছল, একাঙ্ক নাটকবিশেষ

ভার – বোঝা
ভাঁড় – বিদূষক

ভূরি – প্রচুর
ভুঁড়ি – স্থূল উদর

ভুঞ্জন – ভোগ করা
ভঞ্জন – নিবারণ, নিরসন

ভরন – নিকৃষ্ট কাসাবিশেষ
ভরণ – প্রতিপালন

ভারি – জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী, বউদি
ভাবী – ভবিষ্যৎ, অনাগতকাল

ভঙ্গ – ভাঙন, নাশ
ভঙ্গ্য – ভাঙা যায় এমন

ভুতি – কাঁঠালের ভেতরের বর্জ্য অংশ
ভূতি – বিভূতি, উৎপত্তি, অভ্যুদয়

ভড় – মালবাহী বড়ো নৌকাবিশেষ
ভর – অবলম্বন, ওজন

ভৃত – অন্যের দ্বারা লালিত-পালিত
ভৃৎ – লালনকারী

ভেড়ি – মাছচাষের উপযোগী জলাজমি
ভেরি – বড়ো ঢাকজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, দামামা

ভাঁটা – ইট পোড়ানোর জায়গা
ভাটা – সমুদ্র ও নদীর জলের পৃষ্ঠতলের অবনতি

ভরতি – পূর্ণ
ভর্তি – নিযুক্তি, বহাল
ভর্তৃ – স্বামী
ভর্ত্রী – ভর্তা-র স্ত্রীলিঙ্গ

## ম

মাড়ি – দন্তমূলের মাংস
মারি – আঘাত করি
মারি – মড়ক

মন – চিত্ত
মন – চলিশ সের

মরা – মৃত
মড়া – শব, মৃতদেহ

মাস – ত্রিশ দিন
মাষ – ডাল বা কলাইবিশেষ

মেদ – চবি
মেধ – যজ্ঞ

মূর্খ – জ্ঞানহীন
মুখ্য – প্রধান

মুখপত্র – ভূমিকা
মুখপাত্র – প্রতিনিধি

মহিত – পূজিত
মোহিত – মুগ্ধ

মোড়ক – ঠোঙা, প্যাকেট
মড়ক – মহামারি

মুখ – বদন
মূক – বোবা

মোর – আমার
মোড় – বাঁক

মার – প্রহার
মাড় – ভাতের ফেন

মোরা – আমরা
মোড়া – বেত দিয়ে তৈরি আসন

মানি – মান্য করি
মানী – সম্মানিত, সম্মানের যোগ্য

মতি – বুদ্ধি
মোতি – মুক্তা

মুলি – বাঁশের নাম
মূলী – শিকড়যুক্ত

মিলন – সংযোগ
মীলন – চোখকে বুজিয়ে রাখা

মোড় – বাঁক, প্রান্ত
মোর – আমার (পদ্যে)

মাটকলাই – চিনাবাদাম
মাষকলাই – ডাল বা কলাইবিশেষ

মঙ্গল – শুভ, কল্যাণ, গ্রহবিশেষ
মোঙ্গল – মঙ্গোলিয়ার অধিবাসী

মসুরি – লালচে রঙের ডালবিশেষ
মসূরী – বসন্তরোগ, গুটিবসন্ত

মেষ – ভেড়া
মেস – বারোয়ারি বাসস্থান

মিশ – মিশ্রণ, মিল
মিস – অবিবাহিত নারীর আখ্যা

মহিষী – প্রধান রানি
মহেশী – দেবী দুর্গা

মুড় – মুন্ড, মাথা
মূঢ় – মূর্খ, অবিবেচক

মোচা – কলার মঞ্জুরি বা ফুল
মোছা – শুক্ত করা, ঝেড়ে পরিষ্কার করা

মহিষ – গোরুজাতীয় পশুবিশেষ, মোষ
মহীশ – রাজা, নৃপতি

মেখলা – নারীর কটিভূষণ, চন্দ্রহার
মেঘলা – মেঘাচ্ছন্ন, মেঘে ঢাকা

মুলা – সবজিবিশেষ
মূলা – নক্ষত্রবিশেষ

মানসিক – মনোগত, কল্পনাপ্রসূত
মানুষিক – মানবীয়, মানুষসংক্রান্ত

মৃত – প্রাণহীন, প্রয়াত
মৃৎ – মৃত্তিকা, মাটি

মহুরি – বাদ্যযন্ত্রবিশেষ
মুহরি – নর্দমা নানা
মুহুরি – উকিলের সহায়ক লিপিকার

মনিষ – দিনমজুর, কুলি
মনীশ – অন্তরের ঈশ্বর

মরুদ্বিপ – উট
মরুদ্বীপ – মরূদ্যান

মুরগি – পালকাকৃত স্থলচর পাখি
তুরগী – ঘোড়সওয়ার, অশ্বারোহী

## য

যমী – সংযমী
জমি – ভূমি

যাত – অতাত
জাত – উৎপন্ন

যুগ – কাল, আমল
যোগ – মিলন

যোগ্য – উপযুক্ত
যজ্ঞ – উৎসব, যাগ

যতি – বিরামচিহ্ন
যতি – তপস্বী, বিধবা
জ্যোতি – উজ্জ্বলতা, দীপ্তি

যুত – যুক্ত
যূথ – পশুপাখির দল

যম – মৃত্যু
জম – স্ত্রী

যত – যে সংখ্যক, যে পরিমাণ
যৎ – যে, যা, যার

যথার্থ – খাঁটি, উপযুক্ত
যথার্থত – সত্যতা, যথার্থতা

যান – বাহন, পথ
জান – জীবন, প্রাণ

## র

রাজি – সারি, দল
রাজি – সম্মত

রত – মগ্ন, নিযুক্ত
রথ – শকট, গাড়ি

রচক – রচয়িতা
রোচক – রুচিকর

রাকা – পূর্ণিমা
রাখা – রেখে দেওয়া

রাস – লাগাম, রশ্মি
রাশ – রাশি, স্তূপ, গাদা
হ্রাস – ঘাটতি, কমতি

রতি – আসক্তি
রথী – রথারোহী

রসনা – জিহ্বা
রশনা – নারীর কটিভূষণ

রশি – দড়ি
রশ্মি – কিরণ

রৌদ্র – সূর্যালোক
রুদ্র – শিব, উগ্র

রোদ – সূর্যের কিরণ বা তাপ
রোঁদ – নির্দিষ্ট এলাকায় টহল বা প্রহরা

রাধা – রাধিকা
রাঁধা – রন্ধন, রান্না

রিক্ত – শূন্য
রিক্থ – সম্পদ

রেশ – বিলীয়মান অনুভূতি
রেষ – আক্রোশ, ঈর্ষা
রেস – প্রতিযোগিতা

রঞ্জিত – রং করা হয়েছে এমন
রণজিৎ – যুদ্ধে জয়লাভ করেছে এমন

রণশয্যা – যুদ্ধক্ষেত্রে প্রাণ উৎসর্গ
রণসজ্জা – যুদ্ধের প্রস্তুতি, সমরসজ্জা

রিপু – মানবচরিত্রের ছয়টি প্রবৃত্তি
রিফু – সুইসুতা দিয়ে কাপড়ের ছেঁড়া অংশ মেরামত

রসাভাষ – রসপূর্ণ বাক্যবিনিময়
রসাভাস – অনুচিত বিষয় বর্ণন

রাঁড়ি – বিধবা, পতিহীনা
রাঢ়ি – রাঢ় অঞ্চলের অধিবাসী

রাঢ় – ভাগীরথী নদীর পশ্চিম তীরস্থ পশ্চিমবঙ্গের অংশ
রাড় – গোঁয়ার, নীচ

রোক – নগদ ক্রয়
রোখ – জিদ, ঝোঁক

রোঁয়া – আঁশ, সূক্ষ্ম লোম
রোয়া – ফলের কোষ বা কোয়া

রোকা – চিরকুট
রোখা – রোষযুক্ত, জেদি

## ল

লাজ – লজ্জা, শরম
ল্যাজ – লেজ, পুচ্ছ

লোভ – লালসা
লোপ – নাশ, ধ্বংস

লাশ – শব, মরদেহ
লাস – নারীর নৃত্যের লীলায়িত ভঙ্গিমা

লালিত – প্রতিপালিত
লালিত্য – সৌন্দর্য

লব্ধ – লাভ করা গেছে এমন, প্রাপ্ত
লুব্ধ – আকৃষ্ট, লোলুপ

লক্ষণ – চিহ্ন
লক্ষ্মণ – রামানুজ

লক্ষ – সংখ্যা (একশ হাজার)
লক্ষ্য – উদ্দেশ্য

SINCE - 1993 NABARUN PUBLICATION

লুঠন – গড়াগড়ি
লুণ্ঠন – লুটতরাজ

ল্যাটা – লইট্টা মাছ
ল্যাঠা – উৎপাত, ঝামেলা

ললিত – মনোহর, চাবু, ইপ্সিত
লোলিত – কম্পিত, চঞ্চল

লেশ – কণা, অত্যন্ত অল্প পরিমাণ
লেস – জামাকাপড়ে লাগানো নকশা করা পাড়

## শ

শয্যা – বিছানা
সজ্জা – সাজ

শক্ত – কঠিন
সক্ত – আসক্ত

শীত – শীতলতা, ঋতুবিশেষ
সিত – সাদা

শুচি – শুদ্ধ/পবিত্র
সূচি – তালিকা, নির্ঘণ্ট

শব – মৃতদেহ
সব – সকল

শুক – টিয়াপাখি
শূক – শুঁয়া

শীল – চরিত্র
শিল – নুড়ি
সিল – নামাঙ্কিত ছাপ

শাড়ি – মেয়েদের পরিধেয় বস্ত্র
শারি – স্ত্রী শুকপাখি
সারি – পঙক্তি, গানবিশেষ

শ্রবণ – শোনা
স্রবণ – স্রোত

সংকর – মিশ্র
শংকর – শিব

শাল – গাছবিশেষ
সাল – বছর

শিকড় – গাছের মূল
শীকর – জলকণা

শ্বশ্রূ – শাশুড়ি
শ্মশ্রু – দাড়ি, গোঁফ

শরণ – আশ্রয়
স্মরণ – মনে করা
সরণ – গমন

শিকার – মৃগয়া
স্বীকার – মেনে নেওয়া

শিখি – শিক্ষা করি
শিখী – ময়ূর

শালি – হেমন্তের ধান
শালী – যুক্ত

শয়িত – শুয়ে আছে এমন
শায়িত – শোয়ানো হয়েছে এমন

শিষ – দীপশিখা, শস্যমঞ্জরি
শিস – শ ষ স ধ্বনি, পাখির ডাক

শুদ্ধ – নির্ভুল
সুদ্ধ – সমেত

শমন – যম
সমন – আদালতের ডাক

শান্ত – স্থির
সান্ত – সীমাবদ্ধ

শূর – বীর
সুর – স্বর

শোনা – শ্রবণ করা
সোনা – স্বর্ণ

শূকর – শুয়োর
সুকর – সুসাধ্য

শসা – ফলবিশেষ
স্বসা – ভগিনী, বোন

শক্তি – ক্ষমতা
সক্তি – আসক্তি, অনুরক্তি

শমি – সাঁইবাবলা গাছ
শমী – শান্ত, সংযমী

শকৃৎ – বিষ্ঠা
সকৃৎ – একবার

শ্যেন – বাজপাখি
সেন – হিন্দুদের পদবিবিশেষ

শঠ – প্রবঞ্চক
ষট্ – ছয়

শেঠ – বণিক, বড়ো ব্যবসায়ী
ষেট – ষষ্ঠীদেবী

SINCE - 1993
NABARUN PUBLICATION

শোণিত – রক্ত, রুধির
স্বনিত – ধ্বনিত, গর্জিত

শ্রাবক – শ্রোতা
স্রাবক – ক্ষরণশাল

শল্যক – গন্ডার
শল্লক – আশ

শিউলি – শেফালি ফুল
সিউলি – গাছি

শাওয়াল – হিজরি পঞ্জিকার দশম মাস
সওয়াল – প্রশ্ন, জেরা

শিক – লোহা বা অন্য ধাতুর তৈরি শলাকা
শিখ – গুরু নামক প্রবর্তিত ধর্মাবলম্বী সম্প্রদায়

শস্য – ধান, গম, যম প্রভৃতি ফসল
শস্য – ফলের ভক্ষণীয় অংশ, শাঁস

শয্যাগৃহ – শোয়ার ঘর
সজ্জাগৃহ – সাজঘর

শলা – সৎ পরামর্শ, কাঠি
সলা – গোপন পরামর্শ, ষড়যন্ত্র

শাবুদ – প্রমাণ, সাক্ষ্য
সাবুদ – প্রমাণীকৃত

শল্য – শলাকা, কাঁটা, তির
শল্ল – আঁকা, বক্কল

শামা – প্রদীপ
শ্যামা – পাখিবিশেষ

শাক – রেঁধে খাওয়ার যোগ্য উদ্দিদ বা লতাপাতা
শাঁখ – শঙ্খ

শাঁখা – শঙ্খনির্মিত বালা বা কঙ্কনবিশেষ
শাখা – গাছের ডাল, বাহু

শিম – শুঁটিজাতীয় সবজিবিশেষ
সিম – মুঠোফোনের নম্বরযুক্ত গ্রাহকপরিচিতি কার্ড

শক – মধ্য এশিয়ার প্রাচীন জাতি
শখ – আগ্রহ, পছন্দ
স্বক – নিজ, স্বীয়

শ্বেতদ্বিপ – সাদা হাতি
শ্বেতদ্বীপ – পুরাণে বর্ণিত চন্দ্রদ্বীপ

শিশা – আয়না, কাচ
সিসা – মৌলিক ধাতুবিশেষ

শিরীষ – গাছবিশেষ
সিরিশ – পশুর হাড় থেকে তৈরি আঠা

শুক্তি – ঝিনুক
সূক্তি – সুবচন, সদবাক্য

শের – বাঘ, সিংহ
সের – ওজনের এককবিশেষ

শুক্তো – তিক্তস্বাদ ব্যঞ্জনবিশেষ
সূক্তো – বেদমন্ত্র

শৈত্য – ঠান্ডা ভাব, শীতলতা
শ্বৈত্য – শুভ্রতা, নির্মলতা

শেল – প্রাচান যুদ্ধাস্ত্রবিশেষ
সেল – কক্ষ, কোষ

শিরিস – আঠাবিশেষ
শিরীষ – বৃক্ষবিশেষ

শব্দবেধী – শব্দ শুনে লক্ষ্য বেদ করতে পারে এমন
শব্দভেদী – শব্দ অনুসরণে লক্ষ্যভেদে সমর্থ

শাপ – অভিশাপ
সাপ – সর্প

শাদি – বিয়ে
সাদি – অশ্বারোহী বা গজারোহী সেনা

শেল – প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ
সেল – কক্ষ, কোষ

শ্রুতি – শ্রবণ
স্রুতি – ক্ষরণ

শীধু – মধু
সীধু – বকুলফুল

শিশি – কাচ, প্লাস্টিক প্রভৃতির ছোটো বোতল
সিসি – ঘনসেন্টিমিটারের সংক্ষিপ্ত রূপ

## ষ

ষড় – চক্রান্ত, গোপন পরামর্শ
ষড় – ৬ সংখ্যা বা সংখ্যক

ষন্ড – ষাঁড়
ষন্ট – নপুংসক

ষষ্টি – ৬০ সংখ্যা
ষষ্ঠী – সন্তানের রক্ষাকারী দেবীবিশেষ

ষড়যন্ত্র – অন্যের ক্ষতি করার জন্য গুপ্ত চক্রান্ত
স্বরযন্ত্র – গলার যে প্রত্যঙ্গ স্বর উৎপাদন করে

NABARUN PUBLICATION

ষাঁড় – বৃষ, ষণ্ড
সাড় – চেতনা, অনুভূতি

ষন্মুখ – ছয় মুখবিশিষ্ট
সম্মুখ – মুখোমুখি, সামনের

ষাট – ৬০ সংখ্যা
শাট – ধুতিজাতীয় বস্ত্রবিশেষ
সাঁট – ইশারা, সংকেত

ষত্ব – ষ-সংক্রান্ত
স্বত্ব – মালিকানা, অধিকার

ষোড়শী – ষোলো বছরের মেয়ে
সরসী – দিঘি, সরোবর

## স

সদ্ম – বাসস্থান
সদ্য – এইমাত্র, টাটকা

সিঁথি – চুলের মধ্যরেখা
শিতি – শুক্লবর্ণ, সাদা রং

সিরি – স্ত্রী
শিরি – সৌন্দর্য

সরা – মালসা, স্থান ত্যাগ করা
শড়া – পচন ধরা

সীমন্ত – সিঁথি
সীমান্ত – সীমানা

স্ত্রৈণ – স্ত্রীর বশীভূত
স্তৈন – চৌয

স্তম্ব – তৃণগুচ্ছ
স্তম্ভ – থাম

সার্থ – ধনবান
স্বার্থ – নিজ প্রয়োজন

সর্গ – অধ্যায়
স্বর্গ – দেবালয়

সুত – পুত্র, ছেলে
সূত – সারথি

সুদ – আসল টাকার বৃদ্ধি
সূদ – পাচক

সাক্ষর – অক্ষর জ্ঞানসম্পন্ন
স্বাক্ষর – দস্তখত, সই

সুরভি – সুবাস
সুরভি – পৃথিবী, কামধেনু

স্মিত – ঈষৎ হাস্যযুক্ত
স্মৃত – যা স্মরণ করা হয়েছে

স্বয়ংবর – কন্যা কর্তৃক পতি নির্বাচন
স্বয়ংভর – স্বাবলম্বী

সবল – শক্তিমান
শবল – চিত্রিত, নানা বর্ণযুক্ত

সতী – সাধ্বী
শতী – শতযুক্ত

সর্ব – সকল
শর্ব – শিব

সপ্ত – সাত
শপ্ত – অভিশপ্ত

স্বন – স্বর, ধ্বনি
সন – বৎসর, সাল
শণ – তৃণবিশেষ

সর – দুধের ওপরের ঘন আবরণ
সড় – ষড়যন্ত্র
শর – তির
ষড় – ছয়

সাবিত্রী – জননী
সাবিতৃ – সূর্য

সার – উৎকৃষ্ট অংশ
সাড় – অনুভূতি, চেতনা

স্বর – আওয়াজ
স্মর – কামদেব

সকল – সব, সমস্ত
শকল – মাছের আঁশ

স্কন্দ – কার্তিকেয়
স্কন্ধ – কাঁধ

সাম – গান, বেদমন্ত্র
শ্যাম – কৃষ্ণ

স্বপত্নী – নিজ পত্নী
সপত্নী – সতিন

সার – নির্যাস
শার – নানা বর্ণযুক্ত

সম্প্রতি – অধুনা
সম্প্রীতি – সদ্ভাব

সিক্ত – ভেজা
সিক্থ – মোম

SINCE 1993 NABARUN PUBLICATION

সম্বর – সংবরণ
শম্বর – হরিণ

স্বামী – পতি, মনিব, অধিপতি
শামি – লাঠির সরু মুখ

সুতা – কন্যা, সূত্র
সূতা – রথচালিকা

সরদা – খরমুজ জাতীয় ফল
সারদা – দুর্গা, সরস্বতী

সিতা – চিনি
সীতা – রামের স্ত্রী

সুতি – কার্পাস সুতায় বোনা
সূতি – প্রসব, জন্ম

সুচি – সুঁই
সূচি – তালিকা, নির্ঘণ্ট

সম – সমান
শম – শান্তি

সূর – সূর্য
সুর – দেবতা, গানের সুর

সুরি – কবি
সূরী – জ্ঞানী, সূর্যের পত্নী

সত্ত্ব – গুণ
স্বত্ব – আপন অধিকার
সত্য – যথার্থ

সাড়া – সংকেত, উত্তর
সারা – সমগ্র, সমাপ্ত

সহিত – সাথে, সঙ্গে
স্বহিত – নিজ কল্যাণ

সলিল – জল, পানি
সলীল – লীলাযুক্ত

সমর্থক – সমর্থনকারী
সমার্থক – একই অর্থবিশিষ্ট

সমীহ – সম্মান প্রদর্শন
সমীহা – চেষ্টা, ইচ্ছা

সংসদ – আইনসভা
সাংসদ – সংসদ সদস্য

সাঁঝ – সন্ধ্যাকাল
সাজ – পোশাক-পরিচ্ছদ, অলংকার

সাঁচি – পানের প্রজাতিবিশেষ
সাচি – বাঁকা, তির্যক

সাঁজা – দধিবীজ
সাজা – অপরাধের দন্ড, শাস্তি

সুগন্ধি – মধুর গন্ধবিশিষ্ট
সুগন্ধী – মধুর গন্ধ বহন করে এমন

সুঁদি – শাপলা
সুদি – শুক্লপক্ষ
সুধী – জ্ঞানী বা বিদ্বান ব্যক্তি

সুদিন – শুভদিন
সুদীন – অত্যন্ত দরিদ্র

সাতত্য – বিরামহীনতা
সাত্বত – বিষ্ণু, বলরাম

সাদ – আলস্য, অবসন্নতা
স্বাদ – রসগ্রহণ
সাধ – আকাঙ্ক্ষা, ইচ্ছা

সাধন – উপাসনা, আরাধনা
সাদন – ধ্বংস, বিনাশ
স্বাদন – আস্বাদন

সপক্ষ – অনুকূল পক্ষভুকত
স্বপক্ষ – আত্মপক্ষ

সন্ধিক্ষণ – দুটি তিথির ক্রান্তিলগ্ন
সন্ধুক্ষণ – উদ্দীপন, উত্তেজন

সাবান – ময়লা দূর করার দ্রব্যবিশেষ
শাবান – হিজরি পঞ্জিকার অষ্টম মাস

সূত্রধর – কাঠমিস্ত্রি, ছুতার
সূত্রধার – সূত্রধর সম্প্রদায়

সমরশয্যা – যুদ্ধে মৃত্যু
সমরসজ্জা – যুদ্ধের প্রস্তুতি বা আয়োজন

সংজ্ঞান – চেতনা, স্পষ্ট জ্ঞান
সজ্ঞান – সচেতন, জ্ঞানযুক্ত

সরূপ – সদৃশ রূপবিশিষ্ট
স্বরূপ – প্রকৃত রূপ, নিজের রূপ

সফর – ভ্রমণ, যাত্রা
শফর – পুটিমাছ

সর্বদা – সকল সময়ে
সর্বথা – সবরকমে

সুপ – মাছ মাংস বা সবজির ক্বাথ
সূপ – ব্যঞ্জন বিশেষ, রাঁধা ডাল

সুকৃতি – পুণ্যকর্ম, সৌভাগ্য
সুকৃতী – পুণ্যবান, সৌভাগ্যের অধিকারী

SINCE - 1993
NABARUN PUBLICATION

সুকৃত – সুসম্পন্ন
সুকৃৎ – পুণ্যবান, সৎকর্মকারী

সজন – লোকজনসহ, সজ্জন
স্বজন – আত্মীয়, বন্ধুবান্ধব

সূর্যলোক – সৌরজগৎ
সূর্যালোক – সূর্যের আলো, রোদ

সুবাস – সুরভি
সুভাষ – মধুরভাষী
সুভাস – উজ্জ্বল, দীপ্তিময়

সজোড় – জোড়াসহ
সজোর – জোরালো

সঠিক – প্রকৃত, নির্ভুল
সটীক – টীকাসহ, ব্যাখ্যাযুক্ত

সত্তর – ৭০ সংখ্যা বা সংখ্যক
সত্বর – তাড়াতাড়ি, অতি দ্রুত

স্মারক – স্মরণ করিয়ে দেয় এমন
সারক – জোলাপ, বিরেচক

সঞ্জাত – উদ্ভূত, সৃষ্ট
সংযাত – অনুচর, সহযাত্রিক

সংগীত – গান
সংকীর্তিত – আখ্যাত

সম্মিলন – সম্যক মিলন, সংযোগ
সম্মেলন – বহু লোকের একত্র সমাবেশ, জনসমাবেশ

সুতি – কার্পাস সুতোর তৈরি
সূতি – জন্ম, প্রসব

স্খলন – পতন, ন্যায়ের পথ থেকে বিচ্যুতি
স্খালন – অপসারণ, সংশোধন

**হ**

হাবড়া – অকর্মণ্য
হাবলা – নির্বোধ

হালি – চারটির গুচ্ছ
হালি – কৃষক, মাঝি

হাঁসি – মাদি হাঁস
হাসি – হাস্য, উপহাস

হুতি – হোম, যজ্ঞ
হূতি – আহ্বান

হোতা – যজ্ঞের পুরোহিত
হোথা – ওখানে

হাফ – অর্ধ, অর্ধেক
হাঁপ – দীর্ঘশ্বাস, দম
হাব – মনোহর বিলাসভঙ্গি

হৃতি – হরণ
রীতি – প্রথা

হাঁড়ি – রান্না করার মাটির ছোটো পাত্র
হাড়ি – নিম্নবর্ণের হিন্দু

হর্ম – হাই তোলা
হর্ম্য – অট্টালিকা

হরতাল – ধর্মঘট
হরিতাল – পক্ষীবিশেষ

হাড় – অস্থি
হার – পরাজয়, কণ্ঠভূষণ

হারা – পরাজয় বরণ করা
হাঁড়া – মাটির বড়ো পাত্র

হারিত – অপহৃত, সবুজ বর্ণবিশিষ্ট
হারীত – শুকপাখি

হলী – কৃষক
হোলি – দোল উৎসব

হৃৎ – হৃদয়, হৃৎপিণ্ড
হৃত – অপহৃত, লুণ্ঠিত
হ্রিত – লজ্জিত, নীত

হাঁস – লিপ্তপদ উভচর পাখিবিশেষ
হাস – হাস্য, হাসি

হুঁশ – চৈতন্য, সাবধানতা
হুস – হঠাৎ উড়ে যাওয়ার ভাবপ্রকাশক শব্দ

## প্রায়-সমুচ্চারিত ভিন্নার্থক শব্দের বাক্যে প্রয়োগ

অংশ (ভাগ) – এ জমিতে তারও **অংশ** রয়েছে।
অংস (কাঁধ) – **অংসে** বোঝা নিয়ে লোকজন হাটে যাচ্ছে।

অনু (পশ্চাৎ) – সকল সৈন্যই অধিনায়কের **অনুগমন** করল।
অণু (পদার্থের ক্ষুদ্রতম কণা) – পদার্থের ক্ষুদ্রতম কণাকে **অণু** বলে।

অন্ন (ভাত) – অন্নহীনে **অন্ন** দান করো।
অন্য (অপর) – অনুগ্রহ করে **অন্যদিন** দেখা করুন।
অবিরাম (অনবরত) – বর্ষার বৃষ্টিধারা **অবিরাম** ঝরছে।
অভিরাম (সুন্দর) – বর্ষার **অভিরাম** দৃশ্যে মন ভরে যায়।
অবিধান (অনিয়ম) – অফিস-আদালত সর্বত্রই **অবিধান** ছড়িয়ে পড়েছে।
অভিধান (শব্দকোষ) – **অভিধান** খুলে শব্দটির অর্থ জেনে নাও।
অর্ঘ (মূল্য) – বইগুলো আমি অর্ধেক **অর্ঘে** কিনেছি।
অর্ঘ্য (পূজার উপকরণ) – সরস্বতীর পাদমূলে তারা **অর্ঘ্য** নিবেদন করল।
অশ্ব (ঘোড়া) – আরবীয় **অশ্ব** জগদ্‌বিখ্যাত।
অশ্ম (পাথর) – বাড়িটি মূল্যবান **অশ্ম** দিয়ে তৈরি।
আপণ (দোকান) – ঢাকা শহরের **আপণগুলো** বেশ সুসজ্জিত।
আপন (নিজ) – **আপন** পাঠে মন দাও।
আষাঢ় (মাসবিশেষ) – **আষাঢ়** মাস, চারদিকে থই থই পানি।
আসার (প্রবল বৃষ্টিপাত) – বর্ষার **আসারে** মাঠ-ঘাট প্লাবিত হলো।
উপাদান (উপকরণ) – পানি হাইড্রোজেন ও অক্সিজেন নামক **উপাদান** দিয়ে তৈরি।
উপাধান (বালিশ) – শিশুটি **উপাধানে** মাথা রেখে ঘুমিয়ে আছে।
কুজন (খারাপ ব্যক্তি) – **কুজনের** সংসর্গ পরিত্যাজ্য।
কূজন (পাখির ডাক) – **কূজনে** তাদের ঘুম ভাঙল।
কোণ (দুই সরলরেখার মিলনস্থান, দিক) – ত্রিভুজের তিন **কোণের** সমষ্টি দুই সমকোণ।
কোন (অনির্ধারিত কোনোটি) – তারা **কোন** দিকে গিয়েছে জানি না।
কপাল (ললাট, মাথার খুলি) – **কপালের** লিখন যায় না খন্ডন।
কপোল (গাল) – ‘**কপোল** ভিজিয়া গেল নয়নের জলে।’
কমল (পদ্ম) – ঝিলের জলে **কমল** ফুটে আছে।
কোমল (নরম) – ‘**কোমল** চরণ আলতা ধোয়া।’
কুল (বংশ) – মেয়েটির **মাতৃকুল** খুবই সম্ভ্রান্ত।
কূল (নদীর তীর) – পদ্মার **কূলেই** তাদের গ্রাম।
গাঁ (গ্রাম) – ‘ঐ দেখা যায় তালগাছ ঐ আমাদের **গাঁ**।’
গা (শরীর) – মেয়েটির **গায়ে** লাল জামা বেশ মানিয়েছে।
জ্যেষ্ঠ (অগ্রজ) – তার **জ্যেষ্ঠ** ভ্রাতা একজন শিক্ষক।
জ্যৈষ্ঠ (মাসবিশেষ) – ফলের প্রাচুর্যে **জৈষ্ঠ্য** মাস মধুমাস নামে পরিচিত।
দিন (দিবস) – সাত **দিনে** এক সপ্তাহ, তিরিশ দিনে এক মাস।
দীন (দরিদ্র) – **দীনে** দয়া করো।
দ্বীপ (জলবেষ্টিত স্থান) – সেন্ট মার্টিন **দ্বীপ** সৌন্দর্যের লীলাভূমি।
দ্বিপ (হাতি) – পার্বত্য চট্টগ্রামের জঙ্গলে বন্য **দ্বিপ** আছে।
নীর (জল) – ঝরনার **নীর** খুবই স্বচ্ছ ও সুপেয়।
নীড় (পাখির বাসা) – পাখিরা **নীড়** রচনায় ব্যস্ত।
পানি (জল) – **পানির** স্তর ক্রমশই নিচে নেমে যাচ্ছে।
পাণি (হাত) – সরস্বতী দেবীর **পাণিতে** বীণা শোভমান।
বিনা (ব্যতীত) – ‘দুঃখ **বিনা** সুখ লাভ হয় কি মহীতে?’
বীণা (বাদ্যযন্ত্র) – তিনি একজন প্রখ্যাত **বীণাবাদক**।

NABARUN PUBLICATION

ভাসা (ভাসমান থাকা) – নৌকাগুলো জলের ওপর **ভেসে** বেড়াচ্ছে।
ভাষা (ভাব প্রকাশক উক্তি বা সংকেত) – 'মোদের গরব, মোদের আশা, আ-মরি বাংলা **ভাষা**।'

ভারি (খুব) – বর্ষার রূপ **ভারি** মনোমুগ্ধকর।
ভারী (বেশি ওজন) – অতটুকু ছেলের মাথায় অত **ভারী** বোঝা চাপিয়েছ কেন?

মুখ (মুখমণ্ডল) – **মুখ** ভার করে বসে আছ কেন?
মূক (বোবা) – মেয়েটি জন্ম থেকেই **মূক**।

যতি (বিরাম স্থান) – **যতি** হলো বাক্যের অর্থ ঠিক ঠিক বোঝানোর জন্য বিরাম স্থান।
যতী (মুনি, সন্ন্যাসী) – **যতীগণ** সংসার ত্যাগ করে নির্জনে পরমেশ্বরের ধ্যান করেন।

লক্ষ (শত সহস্র) – একশ সহস্রে এক **লক্ষ**।
লক্ষ্য (উদ্দেশ্য) – সুনির্দিষ্ট **লক্ষ্য** ছাড়া জীবনে সফলকাম হওয়া যায় না।

শয্যা (বিছানা) – জীবন কুসুম-**শয্যা** নয়, বাধা-বিঘ্ন পেরিয়েই পথ চলতে হয়।
সজ্জা (বেশভূষা) – মেয়েটি নতুন **সজ্জায়** লজ্জা পাচ্ছে।

শুচি (পবিত্র) – সুচিন্তা ছাড়া মন **শুচি** হয় না।
সূচি (বিষয় তালিকা) – বইটিতে দশটি **সূচি** আছে।

স্বর্গ (দেবলোক) – কোথায় **স্বর্গ** কোথায় নরক কে বলে তা বহুদূর?
সর্গ (অধ্যায়, পরিচ্ছেদ) – বইটিতে দশটি **সর্গ** আছে।

সাক্ষর (অক্ষরজ্ঞানসম্পন্ন) – নিরক্ষর জনগণকে **সাক্ষর** করার জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।
স্বাক্ষর (সই, দস্তখত) – দরখাস্তে আবেনকারীর **স্বাক্ষর** নেই।

NABARUN PUBLICATION